



চাঁদাবাজি ও দুর্নীতি বেড়ে গেছে, অস্থিতিশীলতার চেষ্টা চলছে: জামায়াত আমির



সংগৃহীত ছবি

দেশের ব্যবসায়ীরা নিরাপদ নয় ক্ষুদ্র হোক বা বড় চাঁদার বোঝা দিন দিন বেড়ে চলেছে। জামায়াতে ইসলামী আমির ডা. শফিকুর রহমান অভিযোগ করেন, কিছু মানুষ ক্ষমতায় না থাকলেও নিজেদের প্রভাব দেখাতে ব্যস্ত, আর অস্থিতিশীলতা সৃষ্টি করতে কু-চেষ্টা চালাচ্ছে।

আজ (১ ডিসেম্বর) সোমবার খুলনার শিববাড়ি মোড়ে ৮ দলের বিভাগীয় সমাবেশে তিনি বলেন, “হতাশা বা ক্ষোভে কেউ ভুল পথে হাঁটতে চাইলে জনগণ প্রয়োজন হলে দৃঢ় প্রতিরোধ দেখাবে।” তিনি আরও বলেন, জাতিকে বিভক্ত করার জন্য কিছু মহল চেষ্টা করছে। উদাহরণ দিয়ে বলেন, “যেমন চিংড়ি সামনের পথ না পেলে পেছনে চলে যায়, কেউ কেউ জাতিকে পিছনের দিকে টেনে নিতে চায়।”

৭২-এর সংবিধান প্রসঙ্গে জামায়াত আমির বলেন, “যারা এই সংবিধানকে সমর্থন করে, তারা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের অবস্থানের বিপরীতে দাঁড়াচ্ছেন। আজ সংকটময় অবস্থায় থাকা বেগম খালেদা জিয়াও কখনো ৭২-এর সংবিধান সমর্থন করেননি।”

শেষে তিনি জানান, দল বা জোটের জয় নয়, জনগণের জয়ই তাদের লক্ষ্য: “আমরা ৮ দলের জয় চাই না; চাই ১৮ কোটি মানুষের জয়। মজলুম জনগণের বিজয়ই আমাদের প্রার্থনা।”